

বাংলা বিভাগ  
পি এইচ. ডি. কমিটির সভা  
তারিখ- ১১/০৫/১৬

উপস্থিত সদস্য :

- ১/ Damodar Mishra
- ২/ Amitava Das 11.05.16
- ৩/ Bani Ranjan De 11.05.16
- ৪/ Chhanda Ghoshal 11.05.16
- ৫/ শ্রুতিনাথ চক্রবর্তী ১১-০৫-১৬

আলোচ্য বিষয়:

- ১/ পূর্ববর্তী সভার সিদ্ধান্ত সমূহ পাঠ ও অনুমোদন
- ২/ প্রি-রেজিস্ট্রেশন সেমিনার
- ৩/ গবেষণাপত্রের পরীক্ষক তালিকা প্রস্তুত
- ৪/ পরলোকগত তত্ত্বাবধায়কের গবেষকদের আবেদনপত্র বিবেচনা
- ৫/ প্রি-সাবমিশন সেমিনার
- ৬/ বিবিধ

উপস্থিত তত্ত্বাবধায়ক:

- ১/ সরোজকুমার পান
- ২/ সেখ আবু তাহের কামরুদ্দিন ১১/০৫/১৬

উপস্থিত গবেষক:

- ১/ অরবিন্দ চ্যাটার্জি
- ২/ মো: সেরিনা খাতুন
- ৩/ লিসা পাল
- ৪/ কাজী সাকেরুল হক

১/ পূর্ববর্তী সভার (৩/২/১৬) সিদ্ধান্তসমূহ পঠিত ও অনুমোদিত হলো।

২/ গবেষক সুজিত কুমার পাত্র ও গবেষিকা মলিনা ভূঁঞা সদ্য প্রয়াত অধ্যাপক ড. গোকুলানন্দ মিশ্রের তত্ত্বাবধানে গবেষণা করতেন। তাঁরা নতুন তত্ত্বাবধায়ক চেয়ে আবেদন জানিয়েছেন। সভা এ বিষয়ে পরবর্তী সভায় বিবেচনা করবে বলে ঠিক করে। তার পূর্বে তাঁদের গবেষণা কর্মের অগ্রগতি দেখা হবে। এ কারণে তাঁরা যাতে আগামী ১৫ জুলাই -এর মধ্যে বিভাগীয়

12/9/18  
12.10.18



প্রধানের কাছে তাঁদের গবেষণার অগ্রগতির বিবরণ (Progress Report) পাঠায় সে বিষয়ে কর্তৃপক্ষকে চিঠি পাঠাতে অনুরোধ জানানোর সিদ্ধান্ত হয়।

[মাননীয় নিবন্ধকের দপ্তর থেকে উক্ত গবেষকদের Progress Report চেয়ে পাঠানো প্রয়োজন]

৩/ গবেষিকা মৃন্ময়ী পাত্র প্রয়াত অধ্যাপক ড. গোকুলানন্দ মিশ্রের তত্ত্বাবধানে গবেষণা করতেন। সভা পরবর্তী তত্ত্বাবধায়ক হিসেবে অধ্যাপক ড. সেক আবু তাহের কামরুদ্দিনের নাম সুপারিশ করে।

[মৃন্ময়ী পাত্রের তত্ত্বাবধায়ক হিসেবে ড. সেক আবু তাহের কামরুদ্দিনের নাম স্থির করতে মাননীয় উপাচার্যের অনুমোদন প্রয়োজন]

৪/ গবেষক মধুসূদন কামিল্যা প্রয়াত অধ্যাপক ড. গোকুলানন্দ মিশ্রের তত্ত্বাবধানে গবেষণা করতেন। সভা এখন থেকে তাঁর তত্ত্বাবধায়ক হিসেবে অধ্যাপক ড. শ্রুতিনাথ চক্রবর্তীর নাম স্থির করে।

৫/ গবেষিকা ব্রততী রানী মাইতি প্রয়াত অধ্যাপক ড. গোকুলানন্দ মিশ্র ও অধ্যাপক ড. শ্রুতিনাথ চক্রবর্তীর যৌথ তত্ত্বাবধানে গবেষণা করতেন। তিনি তাঁর গবেষণা শেষ করেছেন। তাঁর আবেদনের ভিত্তিতে, একক তত্ত্বাবধায়ক হিসেবে ড. শ্রুতিনাথ চক্রবর্তীর অনুমতিমূলক স্বাক্ষরেই, তাঁকে তাঁর গবেষণাকর্ম কর্তৃপক্ষের কাছে জমা দিতে দেওয়ার বিষয়ে সভা সম্মতি দেয়।

৬/ গবেষক প্রদীপ কুমার জানার আবেদনের ভিত্তিতে সভা তাঁকে একক তত্ত্বাবধায়ক হিসেবে অধ্যাপক ড. শ্রুতিনাথ চক্রবর্তী-র তত্ত্বাবধানেই তাঁর গবেষণা কর্ম করে যাওয়ার বিষয়ে সম্মতি জানায়।

৭/ গবেষিকা চিত্রা ঘোষ (Registration No. 0761/ Ph.D. Arts)-এর গবেষণার নির্ধারিত সময়সীমা গত ১০/১২/১৫-তে শেষ হয়েছে। তিনি গবেষণা-কর্মের সময়সীমা বাড়ানোর জন্যে মাননীয় নিবন্ধকের কাছে গত ২৪/৪/১৬-তে আবেদন করেছেন। কিন্তু তাঁর আবেদন মঞ্জুর করা সম্ভব নয় বলে সভা মনে করে।

৮/ প্রি-রেজিস্ট্রেশন সেমিনার:

ক) গবেষক- অরবিন্দ চট্টোপাধ্যায়

তত্ত্বাবধায়ক- ড. শ্রুতিনাথ চক্রবর্তী

গবেষণা শিরোনাম: "মদনমোহন বন্দনা কাব্যগুলিতে মল্লভূমের অপ্রকাশিত ইতিহাস : রতন কবিরাজের কাব্য সম্পাদনা ও অন্যগুলির সঙ্গে এর তুলনা।"


গবেষক তাঁর প্রস্তাবিত গবেষণা-বিষয়ে যে বক্তৃতা ও ব্যাখ্যা দেন তাতে সভা সন্তুষ্ট হয় এবং তাঁর গবেষণা-কর্মটি নিবন্ধীকরণের জন্য সুপারিশ করে।

খ) গবেষিকা- লিসা পাল

তত্ত্বাবধায়িকা- ড. ছন্দা ঘোষাল

গবেষণার শিরোনাম- "মাতৃভাষা (বাংলা) সংকট : অনালোকিত সমস্যা ও ক্ষেত্রসমীক্ষা মূলক পর্যালোচনা"

গবেষিকা লিসা পাল তাঁর প্রস্তাবিত গবেষণা বিষয়ে যে বক্তৃতা ও ব্যাখ্যা দেন তাতে সভা সন্তুষ্ট হয় এবং তাঁর গবেষণা কর্মটি বিশ্ববিদ্যালয়ে নিবন্ধীকরণের জন্য সুপারিশ করে।

  
12.10.18



গ) গবেষিকা- মো: সেরিনা খাতুন

তত্ত্বাবধায়ক- ড. সরোজকুমার পান

গবেষণা শিরোনাম- "আবুল বাশারের উপন্যাস : বিষয় ও শিল্পরূপ"

গবেষিকা মো: সেরিনা খাতুন তাঁর প্রস্তুতকৃত গবেষণা বিষয়ে যে বক্তৃতা ও ব্যাখ্যা দেন তাতে সভা সন্তুষ্ট হয় এবং তাঁর গবেষণা কর্মটি বিশ্ববিদ্যালয়ে নিবন্ধীকরণের জন্য সুপারিশ করে।

৯/ গবেষক- কাজী সাকেরুল হক

তত্ত্বাবধায়ক- ড. সেক আবু তাহের কামরুদ্দিন

গবেষণা শিরোনাম- "দেশ-কাল-সমাজ-চেতনায় শচীন সেনগুপ্তের নাটক ও তাঁর শিল্পভাবনা।"

গবেষক কাজী সাকেরুল হক তাঁর গবেষণা কর্ম সমাপ্ত করেছেন। তিনি তাঁর গবেষণা কর্মটি সম্পর্কে প্রি-সাবমিশন সেমিনারে যে বক্তব্য রাখেন তাতে সভা সন্তুষ্ট হয়।

তিনি যাতে তাঁর গবেষণা-কর্মটি কর্তৃপক্ষের কাছে জমা দিতে পারেন সে ব্যবস্থা করতে সভা সুপারিশ করে।

১০/ গবেষক দীপক সোম, গবেষক অমিতকুমার দাস, গবেষক কাজী সাকেরুল হক, গবেষক দিলীপ কুমার বাড়ী ও

গবেষিকা এলিয়া ভট্টাচার্যের গবেষণা-কর্মগুলি পরীক্ষার জন্য নিয়মানুসারে পরীক্ষক-তালিকা প্রস্তুত করা হলো।


আর কোন আলোচ্য না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

D. Mishra

বাণীরঞ্জন দে

11.5.16

১১/৫/১৬

  
12/9/18  
D. Mishra  
12.10.18.